শেখ হাসিনার উদ্যোগ,ঘরে ঘরে বিদ্যুৎ

কোল পাওয়ার জেনারেশন কোম্পানি বাংলাদেশ লিমিটেড
(সিপিজিসিবিএল)

An Enterprise of Government of the People's Republic of Bangladesh
www.cpgcbl.gov.bd

এইচ আর এম এন্ড এডমিন বিভাগ

## ১৫ আগস্ট,২০২১ খ্রিঃ স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬ তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস-২০২১ পালন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আবদুল মোত্তালিব<br>ব্যবস্থাপনা পরিচালক |
| সভার তারিখ | ২৯-০৭-২০২১ খ্রিঃ |
| সভার সময় | বিকাল-০৩.০০ ঘটিকা |
| স্থান | অনলাইন প্ল্যাটফর্ম (Zoom Meeting) |
| উপস্থিতি | অনলাইনে সংযুক্ত |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ১৫ আগস্ট/২০২১ খ্রিঃ স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৬ তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের বিষয়ে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। সভাপতির অনুমতিক্রমে উপ-ব্যবস্থাপক (এইচআরএম/এডমিন), সিপিজিসিবিএল মন্ত্রণালয় ও বিদুৎ বিভাগের অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর উল্লেখযোগ্য অংশ উপস্থিত সকলকে অবহিত করেন। তারই ধারাবাহিকতায় ব্যবস্থাপনা পরিচালক, সিপিজিসিবিএল ৪৬ তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস/২০২১ উদযাপনের লক্ষ্যে জাতীয় পতাকা অর্ধনমিতকরণ, কালো ব্যাচ ধারণ, দোয়া মাহফিল, আলোচনা সভা, দুস্থদের মধ্যে খাবার বিতরণ, প্রধান ফটকে ব্যানার টানানো, Digital Display তে প্রচার/প্রচারণা, মুজিব কর্ণার সুসজ্জিতকরণসহ অন্যান্য বিষয়ে সভায় আলোকপাত করেন এবং সফলভাবে সকল কার্যাদি সুসম্পন্ন করার নিমিত্ত উপস্থিত সকলকে আলোচনায় অংশগ্রহণের আহবান জানান। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্র: নং | বিষয়বস্তু ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/দপ্তর/শাখা/ব্যক্তি |
|---|---|---|---|
| ০১। | **অভিন্ন ড্রপডাউন ব্যানার টানানো**<br>জাতীয় শোক দিবস-২০২১ খ্রিঃ উপলক্ষ্যে বঙ্গান্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিন্ন ড্রপডাউন ব্যানার ব্যবহার ও টানানোর বিষয়ে আলোচনা করা হয়। | জাতীয় শোক দিবস-২০২১ পালন ও ১৫ই আগস্টের সকল শহিদের প্রতি যথাযথ সম্মান প্রদর্শনের নিমিত্ত জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিন্ন ড্রপডাউন ব্যানার মাতারবাড়ী সাইট অফিস, মহেশখালী, কক্সবাজার এ ১লা আগস্ট/২০২১ খ্রিঃ হতে ব্যবহার করতে হবে। | কোম্পানি সচিব এর দপ্তর<br>ও<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিচালন) (ভারপ্রাপ্ত) মাতারবাড়ী সাইট অফিস |
| ০২। | **জাতীয় পতাকা অর্ধনমিত রাখা**<br>১৫ আগষ্ট, ২০২১ খ্রিঃ তারিখ রোজ রবিবার সিপিজিসিবিএল এর কর্পোরেট অফিস, ঢাকা ও মাতারবাড়ী সাইট অফিস, মহেশখালী, কক্সবাজার-এ জাতীয় পতাকা অর্ধনমিত রাখা ও সরকারি বিধি অনুযায়ী জাতীয় পতাকা উত্তোলন ও নামানো, পতাকার সঠিক রং ও মাপ নিশ্চিত করার বিষয়ে আলোচনা হয়। | ক) সিপিজিসিবিএল এর কর্পোরেট অফিস, ঢাকা ও মাতারবাড়ী সাইট অফিস, মহেশখালী, কক্সবাজার-এ জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হবে;<br><br>খ) সরকারি বিধি অনুযায়ী জাতীয় পতাকার সঠিক রং ও মাপ নিশ্চিত করতে হবে। | কোম্পানি সচিব এর দপ্তর<br>ও<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিচালন) (ভারপ্রাপ্ত) মাতারবাড়ী সাইট অফিস |
| ০৩। | **কালো ব্যাজ পরিধান**<br>সিপিজিসিবিএল এর সকল কর্মকর্তা-কর্মচারীর মাসব্যাপী কালো ব্যাজ পরিধান এবং প্রকল্প এলাকায় কর্মরত বিদেশী শ্রমিক/কর্মকর্তাদের ১৫ আগস্ট/২০২১ সম্পর্কে অবহিত ও সম্পৃক্তকরণের জন্য ১৫/০৮/২০২১ খ্রিঃ তারিখে ব্যাচ পরিধানের বিষয়ে আলোচনা হয়। | ক) সিপিজিসিবিএল এর সকল কর্মকর্তা-কর্মচারীর মাসব্যাপী কালো ব্যাজ পরিধান করতে হবে;<br><br>খ) প্রকল্প এলাকায় কর্মরত বিদেশী শ্রমিক/কর্মকর্তাদের ১৫/০৮/২০২১ খ্রিঃ তারিখে কালো ব্যাচ পরিধানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ক) সিপিজিসিবিএল এর সকল কর্মকর্তা/কর্মচারী;<br><br>খ) জনাব মোহাম্মদ মনিরুজ্জামান<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ডিজাইন)<br>সিপিজিসিবিএল, ঢাকা। |
| ০৪। | **সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার**<br>জাতীয় শোক দিবস-২০২১ উপলক্ষে সিপিজিসিবিএল কর্তৃক আয়োজিত সকল কার্যক্রমের স্থির চিত্র ও ভিডিও চিত্র সিপিজিসিবিএল এর ওয়েবসাইট ও ফেইসবুক অফিশিয়াল পেইজে শোকবার্তা প্রকাশের বিষয়ে আলোচনা হয়। | সিপিজিসিবিএল কর্তৃক আয়োজিত সকল কার্যক্রমের স্থির চিত্র ও ভিডিও চিত্র সিপিজিসিবিএল এর ওয়েবসাইট ও ফেইসবুক অফিশিয়াল পেইজে শোকবার্তা প্রকাশ করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রকিউরমেন্ট)<br>ও<br>সহকারী প্রোগ্রামার |

| | | | |
|---|---|---|---|
| ০৫। | **বিশেষ ক্রোড়পত্র/শোকবার্তা প্রকাশ**<br>পাওয়ার সেল কর্তৃক প্রস্তুতকৃত টেমপ্লেট প্রাপ্তি সাপেক্ষে শোক বার্তা ০১ (এক) টি স্থানীয় পত্রিকায় প্রকাশের বিষয়ে আলোচনা করা হয় | পাওয়ার সেল কর্তৃক প্রস্তুতকৃত টেমপ্লেট প্রাপ্তি সাপেক্ষে শোক বার্তা ০১ (এক) টি স্থানীয় পত্রিকায় প্রকাশ করতে হবে। | কোম্পানি সচিব এর দপ্তর<br>ও<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী<br>(পরিচালন) (ভারপ্রাপ্ত) |
| ০৬। | **Digital Display তে প্রচার/প্রচারণা**<br>বঙ্গবন্ধুর ভাষণ, তথ্যচিত্র, ডকুমেন্টরী, শোকবার্তাসহ অন্যান্য ভিডিও Digital Display তে প্রচার/প্রচারণা করার বিষয়ে আলোচনা করা হয়। | সিপিজিসিবিএল এ স্থাপিত মুজিব কর্ণার এ স্থাপিত Digital Display তে বঙ্গবন্ধুর ভাষণ, তথ্যচিত্র, ডকুমেন্টরী, শোকবার্তাসহ অন্যান্য ভিডিও প্রচার/প্রচারণা করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রকিউরমেন্ট)<br>ও<br>সহকারী প্রোগ্রামার |
| ০৭। | **মুজিব কর্ণার সুসজ্জিতকরণ**<br>সিপিজিসিবিএল এর মুজিব কর্ণার সুসজ্জিতকরণ এর অংশ হিসাবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর লেখা বইসমূহ ক্রয় ও মুজিব কর্ণারে প্রদর্শনের মাধ্যমে মুজিব কর্ণার সুসজ্জিতকরণের বিষয়ে আলোচনা করা হয়। | জাতীয় শোক দিবস-২০২১ পালন উপলক্ষে সিপিজিসিবিএল এর স্থাপিত মুজিব কর্ণার এ বঙ্গবন্ধুর লেখা বইসমূহ এবং বাংলাদেশ শিশু একাডেমী কর্তৃক শিশুদের জন্য বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক ২৬ টি গ্রন্থসহ বঙ্গবন্ধুকে নিয়ে লিখিত বইসমূহ প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রকিউরমেন্ট)<br>ও<br>উপ-মহাব্যবস্থাপক (হিসাব-অর্থ) |
| ০৮। | **দোয়া মাহফিল ও উন্নতমানের খাবার বিতরণ**<br>মাতারবাড়ী সাইট অফিসে (স্থানীয় মসজিদ) বিশেষ দোয়া ও মোনাজাত এর আয়োজন এবং ১৫ আগস্ট, ২০২১ রোজ রবিবার মাতারবাড়ী এলাকায় অবস্থিত এতিমখানায় পবিত্র কোরআন খতম ও খাবার বিতরণ এর বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। উল্লেখ্য, কোভিড-১৯ এর প্রাদুর্ভাব ও সরকার কর্তৃক ঘোষিত কঠোর লকডাউন এর বিষয়টি বিবেচনায় নিয়ে উক্ত কার্যক্রম বাস্তবায়নের জন্য মতামত প্রদান করা হয়। | ক) মাতারবাড়ী সাইট অফিসে (স্থানীয় মসজিদ) বিশেষ দোয়া ও মোনাজাত এর আয়োজন<br><br>খ) ১৫ আগস্ট, ২০২১ রোজ রবিবার মাতারবাড়ী এলাকায় অবস্থিত এতিমখানায় পবিত্র কোরআন খতম ও উন্নতমানের খাবার বিতরণ<br><br>*[চলমান লকডাউন শিথিল হওয়া ও ২৯-০১-২০২১ খ্রিঃ তারিখে বিদ্যুৎ বিভাগ কতৃক অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রাপ্তি সাপেক্ষে]* | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিচালন) (ভারপ্রাপ্ত)<br>মাতারবাড়ী সাইট অফিস |
| ০৯। | **জেলা/উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত কর্মসূচিতে প্রতিনিধি মনোনয় ও অংশগ্রহণ নিশ্চিতকরণ**<br>জেলা ও উপজেলা পর্যায়ের প্রশাসনের কর্মকর্তাদের সঙ্গে সুসম্পর্ক রেখে অনুষ্ঠান আয়োজন এবং জেলা/উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত কর্মসূচিতে সিপিজিসিবিএল হতে উপর্যুক্ত প্রতিনিধি মনোয়নসহ অংশগ্রহণ নিশ্চিতকরণের বিষয়ে আলোচনা করা হয়। | জেলা ও উপজেলা পর্যায়ের প্রশাসনের কর্মকর্তাদের সঙ্গে সুসম্পর্ক রেখে অনুষ্ঠান আয়োজন এবং জেলা/উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত কর্মসূচিতে সিপিজিসিবিএল হতে উপর্যুক্ত প্রতিনিধি মনোয়নসহ অংশগ্রহণ নিশ্চিতকরণ করতে হবে | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিচালন) (ভারপ্রাপ্ত)<br>মাতারবাড়ী সাইট অফিস |
| ১০। | **প্রধান ফটকে ব্যানার স্থাপন**<br>শোক সম্বলিত ব্যানার প্রণয়নপূর্বক ১৫/০৮/২০২১ খ্রিঃ তারিখে অফিসের দৃশ্যমান স্থানে স্থাপন করার বিষয়ে আলোচনা করা হয়। | পাওয়ার সেল/বিদ্যুৎ বিভাগ হতে অভিন্ন ফরমেট/নির্দেশনা প্রাপ্তি সাপেক্ষে সিপিজিসিবিএল এর কর্পোরেট অফিস, ঢাকা ও মাতারবাড়ী সাইট অফিস মহেশখালী, কক্সবাজার এর প্রধান ফটকে শোক সম্বলিত ব্যানার স্থাপন করতে হবে। | কোম্পানি সচিব এর দপ্তর<br>ও<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিচালন) (ভারপ্রাপ্ত)<br>মাতারবাড়ী সাইট অফিস |
| ১১। | **বৃক্ষরোপণ কর্মসূচি**<br>জাতীয় শোক দিবস-২০২১ খ্রিঃ উপলক্ষ্যে মাতারবাড়ী সাইট অফিসে পূর্বের ন্যায় বৃক্ষরোপণ কর্মসূচি গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। | জাতীয় শোক দিবস-২০২১ খ্রিঃ উপলক্ষ্যে মাতারবাড়ী সাইট অফিসে প্রয়োজনীয় সংখ্যক বৃক্ষরোপণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিচালন) (ভারপ্রাপ্ত)<br>ও<br>স্মারক নং-৩৪; তারিখঃ ১০-০৮-২০২ খ্রিঃ দ্বারা গঠিত কমিটি |
| ১২। | **বিদেশী শ্রমিক/কর্মকর্তাদের অবহিতকরণ**<br>২৯-০৭-২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বিদ্যুৎ বিভাগের সভায় সচিব, বিদ্যুৎ বিভাগ মহোদয় ১৫ আগস্ট সম্পর্কে বিদেশী শ্রমিক/কর্মকর্তাদের অবহিতকরণের বিষয়ে গুরুত্বারোপ করেন। পরবর্তীতে সিপিজিসিবিএল এর প্রস্তুতিমূলক সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং প্রকল্প এলাকায় ফেস্টুন ও কর্মকর্তাদের জাপানি ভাষায় বঙ্গবন্ধুর লিখিত বই টোকেন হিসাবে দেয়ার বিষয়ে প্রস্তাবনা পেশ করা হয়। | ক) মাতারবাড়ী প্রকল্প এলাকায় শোক সম্বলিত ফেস্টুন স্থাপন করতে হবে;<br><br>খ) বঙ্গবন্ধু কর্তৃক রচিত “অসমাপ্ত আত্মজীবন” এর জাপানি ভাষায় অনূদিত বই MJVC এর প্রতিনিধি ও STIC এর প্রতিনিধি-কে টোকেন উপহার হিসাবে প্রদান করতে হবে। | ক) কোম্পানি সচিব এর দপ্তর<br>ও<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিচালন) (ভারপ্রাপ্ত)<br><br>খ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রকিউরমেন্ট)<br>ও<br>উপ-মহাব্যবস্থাপক (হিসাব-অর্থ) |
| ১৩। | **প্রতিষ্ঠানে আলোচনা সভা**<br>সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে বঙ্গবন্ধুর উপর নির্মিত ভিডিও চিত্র প্রদর্শন, আলোচনা সভা এবং দোয়া মাহফিল আয়োজন করার বিষয়ে আলোচনা করা হয়। | সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে বঙ্গবন্ধুর উপর নির্মিত ভিডিও চিত্র প্রদর্শন, আলোচনা সভা এবং দোয়া মাহফিল আয়োজন (ভার্চুয়াল প্ল্যাটফর্ম) করতে হবে। | এইচআরএম এন্ড এডমিন বিভাগ/সহকারী প্রোগ্রামার<br>ও<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিচালন) (ভারপ্রাপ্ত) |
| ১৪। | **বিশেষ আলোচনা সভায় অংশগ্রহণ**<br>জাতীয় শোক দিবস উপলক্ষ্যে বিদ্যুৎ বিভাগ কর্তৃক আয়োজিত বিশেষ আলোচনা সভায় অংশগ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। | জাতীয় শোক দিবস উপলক্ষ্যে বিদ্যুৎ বিভাগ কর্তৃক আয়োজিত বিশেষ আলোচনা সভায় অংশগ্রহণ করতে হবে। | সিপিজিসিবিএল এর সকল কর্মকর্তা/কর্মচারী |
| ১৫। | **বিদ্যুৎ বিভাগ এর নির্দেশনা বাস্তবায়ন**<br>গত ২৯-০৭-২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বিদ্যুৎ বিভাগের সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ (প্রযোজ্য অনুযায়ী) বাস্তবায়ন এর বিষয়ে আলোচনা করা হয়। | গত ২৯-০৭-২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বিদ্যুৎ বিভাগের সভার কার্যবিবরণী প্রাপ্তি সাপেক্ষে গৃহীত সিদ্ধান্তসমূহ (প্রযোজ্য অনুযায়ী) এবং অন্যান্য সময়ে প্রাপ্ত নির্দেশনা বাস্তবায়ন করতে হবে। | সংশ্লিষ্ট দপ্তর/বিভাগ/ব্যক্তি |

| | | | |
|---|---|---|---|
| ১৬। | **অগ্রগতি সভা**<br>বঙ্গবন্ধুর ৪৬তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস/২০২১ যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে প্রস্তুতিমূলক সভার সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের নিমিত্ত আগামী ০৩-০৮-২০২১ খ্রিঃ তারিখ রোজ-মঙ্গলবার ১টি অগ্রগতি সভা আয়োজনের বিষয়ে প্রস্তাবনা পেশ করা হয়। | ২৯-০৭-২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের নিমিত্ত আগামী ০৩-০৮-২০২১ খ্রিঃ তারিখ রোজ-মঙ্গলবার সিপিজিসিবিএল এর কর্মকর্তাগণের অংশগ্রহণে ১টি অগ্রগতি সভা আয়োজন করা হবে। | এইচআরএম এন্ড এডমিন বিভাগ<br>সিপিজিসিবিএল, ঢাকা<br>ও<br>জনাব মোঃ পাভেল হোসেন<br>সহকারী প্রকৌশলী (তড়িৎ) |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ আবদুল মোত্তালিব
ব্যবস্থাপনা পরিচালক

স্মারক নম্বর: ২৭.৩২.০০০০.০০৭.২৩.০০১.১৯-৬০৪

তারিখ: ১৭ শ্রাবণ ১৪২৮
০১ আগস্ট ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার
ক্রমানুসারে নয়) :

১) নির্বাহী পরিচালক (অর্থ), অর্থ ও হিসাব বিভাগ, কোল পাওয়ার জেনারেশন কোম্পানী বাংলাদেশ লিমিটেড
২) নির্বাহী পরিচালক (প্রকল্প), প্রকল্প বিভাগ, কোল পাওয়ার জেনারেশন কোম্পানী বাংলাদেশ লিমিটেড
৩) নির্বাহী পরিচালক (পিএন্ডডি), পি এন্ড ডি বিভাগ, কোল পাওয়ার জেনারেশন কোম্পানী বাংলাদেশ লিমিটেড
৪) প্রধান প্রকৌশলী (পিএন্ডডি), প্রধান প্রকৌশলী (পিএন্ডডি) এর দপ্তর, কোল পাওয়ার জেনারেশন কোম্পানী বাংলাদেশ লিমিটেড
৫) কোম্পানি সচিব, কোম্পানি সচিবের দপ্তর , কোল পাওয়ার জেনারেশন কোম্পানী বাংলাদেশ লিমিটেড
৬) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রকিউরমেন্ট), প্রকিউরমেন্ট শাখা, কোল পাওয়ার জেনারেশন কোম্পানী বাংলাদেশ লিমিটেড
৭) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ডিজাইন), ডিজাইন শাখা, কোল পাওয়ার জেনারেশন কোম্পানী বাংলাদেশ লিমিটেড
৮) উপ-মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ), অর্থ ও হিসাব বিভাগ, কোল পাওয়ার জেনারেশন কোম্পানী বাংলাদেশ লিমিটেড
৯) উপ-মহাব্যবস্থাপক (নিরীক্ষা), নিরীক্ষা বিভাগ, কোল পাওয়ার জেনারেশন কোম্পানী বাংলাদেশ লিমিটেড
১০) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিচালন) (ভারপ্রাপ্ত), প্রধান প্রকৌশলী (পিএন্ডডি) এর দপ্তর, কোল পাওয়ার জেনারেশন কোম্পানী বাংলাদেশ লিমিটেড
১১) সকল কর্মকর্তা/কর্মচারী, সিপিজিসিবিএল কর্পোরেট অফিস, ঢাকা/মাতারবাড়ী সাইট অফিস, মহেশখালী, কক্সবাজার।

মোহাম্মদ মতিউর রহমান
উপ-মহাব্যবস্থাপক (এইচআরএম/এডমিন) (ভারপ্রাপ্ত)